# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ২৬৬

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২৭. রাসূলুল্লাহ (ﷺ) এর উযুর বর্ণনা

## بَابُ وُضُوءِ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

ثَنَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، نَا يُونُسُ بْنُ عَبْدِ الْأَعْلَى ، نَا عَبْدُ اللَّهِ بْنُ وَهْبٍ أَخْبَرَنِي يُونُسُ ، عَنِ ابْنِ شِهَابٍ ، عَنْ عَطَاءِ بْنِ يَزِيدَ أَنَّهُ أَخْبَرَهُ أَنَّ حُمْرَانَ مَوْلَى عُثْمَانَ أَخْبَرَهُ ؛ أَنَّ عُثْمَانَ بْنَ عَفَّانَ دَعَا يَوْمًا بِوَضُوءٍ ، فَتَوَضَّأَ : فَغَسَلَ كَفَّيْهِ ثَلَاثَ مَرَّاتٍ ، ثُمَّ تَمَضْمَضَ وَاسْتَنْثَرَ ، ثُمَّ غَسَلَ وَجْهَهُ ثَلَاثَ مَرَّاتٍ ، ثُمَّ غَسَلَ يَدَهُ الْيُمْنَى إِلَى الْمِرْفَقِ ثَلَاثَ مَرَّاتٍ ، ثُمَّ غَسَلَ يَدَهُ الْيُسْرَى مِثْلَ ذَلِكَ ، ثُمَّ مَسَحَ بِرَأْسِهِ ، ثُمَّ غَسَلَ رِجْلَهُ الْيُمْنَى إِلَى الْكَعْبَيْنِ ثَلَاثَ مَرَّاتٍ ، ثُمَّ غَسَلَ الْيُسْرَى مِثْلَ ذَلِكَ ، ثُمَّ قَالَ : رَأَيْتُ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ تَوَضَّأَ نَحْوَ وُضُوئِي هَذَا ثُمَّ قَالَ : رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " مَنْ تَوَضَّأَ نَحْوَ وُضُوئِي هَذَا ، ثُمَّ قَامَ فَرَكَعَ رَكْعَتَيْنِ لَا يُحَدِّثُ فِيهِمَا نَفْسَهُ غَفَرَ اللَّهُ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ " . قَالَ : ابْنُ شِهَابٍ : وَكَانَ عُلَمَاؤُنَا يَقُولُونَ : هَذَا الْوُضُوءُ أَسْبَغُ مَا يَتَوَضَّأُ بِهِ أَحَدٌ لِلصَّلَاةِ

বাংলা

২৬৬(১৪). আবু বাকর আন্-নায়শাপুরী (রহঃ) ... উসমান (রাঃ) এর মুক্তদাস হুমরান (রহঃ) থেকে বর্ণিত। এক দিন উসমান ইবনে আফফান (রাঃ) পানি আনার নির্দেশ দেন। তিনি উযু করলেন এবং নিজের উভয় হাত কব্জি পর্যন্ত তিনবার করে ধৌত করেন, নাক পরিষ্কার করেন ও তাতে পানি দিয়ে ঝেড়ে ফেলেন, অতঃপর নিজে মুখল তিনবার ধৌত করেন, তারপর ডান হাত কনুই পর্যন্ত তিনবার ধৌত করেন, তারপর বাম হাত ডান হাতের অনুরূপ ধৌত করেন, তারপর মাথা মসেহ করেন, অতঃপর ডান পা গেছসমেত তিনবার ধৌত করেন, তারপর বাম পা ডান পায়ের অনুরূপ ধৌত করেন। তারপর তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে আমার এই উযুর অনুরূপ উযু করতে দেখেছি।

এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি আমার এই উযুর অনুরূপ উযু করলো,

তারপর দাঁড়িয়ে দুই রাকআত নামায পড়লো এবং তাতে তার মনোযোগ নষ্ট হয়নি, আল্লাহ তার বিগত গুনাহসমূহ ক্ষমা করে দিবেন। ইবনে শিহাব (রহঃ) বলেন, আমাদের আলেমগণ বলতেন, কোন ব্যক্তি নামাযের জন্য উযু করলে এটাই হলো পূর্ণাঙ্গ ও উত্তম উযু।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন ▯ বর্ণনাকারীঃ হুমরান ইবনু আবান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80055

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন